



ছবি	প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক	ঠিকানা, টেলিফোন নাম্বার ও ইমেইল
	ড. নাহিদ রশীদ অতিরিক্ত সচিব অনুবিভাগ প্রধান ও প্রকল্প পরিচালক	রুম#১৭, ব্লক#০৭ ৯১১৯৯৮২ (অ), ১৪১(ই) মোবাইলঃ ০১৭৮৭৮৫৭৮৪২ ইমেইলঃ <a href="mailto:wingchief04@erd.gov.bd">wingchief04@erd.gov.bd</a>
	জনাব অমল কৃষ্ণ মন্ডল যুগ্ম সচিব জাতিসংঘ -১ অধিশাখা ও উপ প্রকল্প পরিচালক	রুম #২৩ ব্লক#০৭ ৯১১২১০৫(অ), ১২১ (ই) মোঃ ০১৭১৬ ৬৬৮ ৬৬২ ই-মেইল : <a href="mailto:js-un1@erd.gov.bd">js-un1@erd.gov.bd</a>

#### প্রকল্পের পরিচিতিঃ

ক)	প্রকল্পের শিরোনাম	:	নলেজ ফর ডেভেলপমেন্ট ম্যানেজমেন্ট (K4DM)
খ)	মেয়াদ	:	এপ্রিল ২০১৪ হতে ডিসেম্বর ২০২০
গ)	উন্নয়ন সহযোগী	:	United Nations Development Programme (UNDP)
ঘ)	বৈদেশিক সহায়তার পরিমাণ ও প্রকৃতি	:	৩ (তিন) মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ২৩ কোটি ৪০ লক্ষ টাকার সমপরিমাণ) অনুদান
ঙ)	জিওবি	:	৬০ লক্ষ টাকা
চ)	উদ্যোগী মন্ত্রণালয়	:	অর্থ মন্ত্রণালয়
ছ)	বাস্তবায়নকারী সংস্থা	:	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)

#### প্রকল্পের উদ্দেশ্যঃ

- ১) উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত নিয়ম-কানুন পুনঃমূল্যায়ন ও প্রয়োজনে সহজীকরণের ক্ষেত্র চিহ্নিতকরণ এবং অধিকতর উন্নত তথ্য ব্যবস্থাপনার মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন ও ত্বরান্বিত করণ;
- ২) দক্ষিণ-দক্ষিণ ও ত্রিপক্ষীয় সহযোগিতা, অনিবাসী বাংলাদেশীদের জাতীয় উন্নয়নে সম্পৃক্তকরণ এবং সরকার-ব্যক্তিখাত সহযোগিতার (পিপিপি) চেতনায় অর্থনৈতিক ও জ্ঞানভিত্তিক নতুন-নতুন সহযোগিতার ক্ষেত্র চিহ্নিতকরণ ও এসকল সহযোগিতার পূর্ণ ব্যবহারের জন্য ই আর ডি'র সক্ষমতা বৃদ্ধি;
- ৩) ইউএনডিপি'র সকল প্রকল্পের সাধারণভাবে প্রয়োজনীয় বিশেষজ্ঞ পদসমূহ একীভূতকরণের মাধ্যমে ব্যয় সাশ্রয় ও অধিকতর উদ্ভাবনী প্রকল্প প্রণয়নে ইউএনডিপি-সরকারী যৌথ উদ্যোগকে সহযোগিতা প্রদানের মাধ্যমে ইউএনডিপি'র প্রকল্পসমূহের মান, সম্পৃক্ততা ও সর্বোপরি কার্যকারিতা বৃদ্ধি।

মেয়াদঃ এপ্রিল ২০১৪ হতে ডিসেম্বর ২০২০

## বাস্তবায়ন অগ্রগতিঃ

(ক) প্রকল্পের মেয়াদ ২০১৭ সালে সমাপ্ত হওয়ার পরে ৫ বার ব্যয় ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। ১মঃ জানুয়ারি-জুন'২০১৮, ২য়ঃ জুলাই'২০১৮- জুন'২০১৯, ৩য়ঃ জুলাই-ডিসেম্বর'২০১৯, ৪র্থঃ জানুয়ারি-জুন'২০২০, ৫মঃ জুলাই- ডিসেম্বর'২০২০।

(খ) জাতীয় মানবসম্পদ উন্নয়ন প্রতিবেদন তৈরী কার্যক্রম চলমান রয়েছে। যা স্বাধীনতার ৫০তম বর্ষপূর্তিতে (মার্চ ২০২১) সালে প্রকাশিত হবে।

(গ) তথ্যভান্ডার ERDpedia তৈরীকরণ এবং এই বিষয়ে ২০০ জন ইআরডি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান। প্রত্যেক অনুবিভাগে ফোকাল কর্মকর্তা নির্বাচন ও বিকল্প ফোকাল কর্মকর্তা নির্বাচন।

(ঘ) অনিবাসী বাংলাদেশীদের জাতীয় উন্নয়নে সম্পৃক্তকরণের লক্ষ্যে টাস্কফোর্স গঠন এবং একটি ওয়েবসাইটের (nrb.gov.bd) মাধ্যমে অনিবাসী বাংলাদেশীদের জাতীয় উন্নয়নে সম্পৃক্তকরণের কার্যক্রম চলমান। ইতোমধ্যে টাস্কফোর্সের ৫ টি সভা অনুষ্ঠিত হয়েছে। অনিবাসী বাংলাদেশীদের জাতীয় উন্নয়নে সম্পৃক্তকরণের লক্ষ্যে ইআরডি'তে একটি সেল গঠন করা হয়েছে। এই লক্ষ্যে প্রকল্প থেকে একজন পরামর্শক নিয়োগ করা হয়েছে। এই কার্যক্রম এগিয়ে নেয়ার লক্ষ্যে অনিবাসী বাংলাদেশী প্রকৌশলীদের নিয়ে ২০১৯ সালে Convention of NRB Engineer (CONE) অনুষ্ঠিত হয়। ইতোমধ্যে অনিবাসী বাংলাদেশীদের নিয়ে নিউইয়র্ক, সৌদি-আরব এবং ভারতে ৩ টি আন্তর্জাতিক কনফারেন্সের আয়োজন করা হয়েছে এবং কনফারেন্সের সুপারিশমালা নিয়ে একটি কর্মশালা করা হয়েছে।

(ঙ) South-South Cooperation এর মাধ্যমে দক্ষিণের রাষ্ট্রসমূহের মধ্যে সহযোগিতার ক্ষেত্র উন্মোচনের লক্ষ্যে জাতীয় টাস্কফোর্স গঠন এবং কার্যক্রম চলমান। ইতোমধ্যে টাস্কফোর্সের ১ টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং বার্ষিক কর্মপরিকল্পনা তৈরি করা হয়েছে। South-South Cooperation এর সহযোগিতার ক্ষেত্র উন্মোচনের লক্ষ্যে ইআরডি'তে একটি সেল গঠন করা হয়েছে। এই লক্ষ্যে প্রকল্প থেকে একজন পরামর্শক নিয়োগ করা হয়েছে।

(চ) দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রকল্প থেকে এযাবৎ ১৮ টি দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। যেখানে ৭০০ জন ইআরডি এবং সরকারী কর্মকর্তা অংশগ্রহণ করেছে।

(ছ) K4DM প্রকল্প হতে ইতোমধ্যে দুইটি গবেষণাপত্র (South-South Cooperation for Financing SDGs, Engagement of Non-Resident Bangladeshis in National Development) তৈরি ও প্রকাশিত হয়েছে। এছাড়াও প্রকল্প থেকে নিয়মিত নিউজলেটার প্রকাশিত হয়েছে।

(জ) প্রকল্পের ২য় পর্যায়ের নতুন প্রকল্প প্রস্তাবনা (K4DM পর্যায়-২) প্রস্তুতিকরণের কার্যক্রম চলমান রয়েছে।

(ঝ) প্রকল্পের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে ইউএনডিপি থেকে ১,৪৫,৫০০ মার্কিন ডলার এবং জিওবি থেকে ৭ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে।

## প্রকল্পের মূল কার্যক্রমঃ

ক) তথ্যভান্ডার ERDpedia তৈরীকরণ।

খ) অনিবাসী বাংলাদেশীদের জাতীয় উন্নয়নে সম্পৃক্তকরণ।

গ) South-South Cooperation এর মাধ্যমে দক্ষিণের রাষ্ট্রসমূহের মধ্যে পারস্পরিক সহযোগিতার ক্ষেত্র উন্মোচনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।

ঘ) জাতীয় মানবসম্পদ উন্নয়ন প্রতিবেদন তৈরীর কার্যক্রম গ্রহণ।

ঙ) ইআরডি'র বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে দক্ষতা উন্নয়নের সংক্রান্ত কার্যক্রম গ্রহণ।